

তারিখ ... 22 SEP 1939

পৃষ্ঠা... ৩

দৈনিক বাংলা

৬

4

## জাহাঙ্গীরনগর ভার্সিটি ছাত্র-শিক্ষকদের সন্ত্রাস বিরোধী মৌন মিছিল

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)  
বৃহস্পতিবার জাহাঙ্গীরনগর  
বিশ্ববিদ্যালয়ের ছাত্র শিক্ষক কর্ম  
কর্তা ও কর্মচারীগণ যৌথভাবে  
ক্যাম্পাসে সন্ত্রাস ও সাম্প্রদায়িক  
কতা বিরোধী মৌন মিছিল বের  
করেন।

জাকসুর উদ্যোগে আয়োজিত  
(শেষ পঃ ৬-এর কঃ দঃ)

### মৌন মিছিল

(প্রথম পঃ পর)

এই বিরাট মিছিলের নেতৃত্ব দেন  
ভাইস চ্যান্সেলর প্রফেসর কাজী  
সালেহ আহমেদ। মিছিলটি  
জাকসুর ভবন থেকে শুরু হয় এবং  
ক্যাম্পাস প্রদক্ষিণের পর চৌর  
গীতে গিয়ে শেষ হয়।

মিছিল শেষে এক সমাবেশে  
ভাইস চ্যান্সেলর জাতির বৃহত্তর  
স্বার্থে শিক্ষাঙ্গণে সন্ত্রাসী তৎ-  
পরতা প্রতিহত করার জন্য সং-  
শ্লিষ্ট সকলের প্রতি আহ্বান  
জানান।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে  
শিক্ষার স্বাভাবিক পরিবেশ  
ফিরিয়ে আনার জন্য ছাত্রছাত্রীদের  
ক্রাস রুমে ফিরে যাওয়ার আহ্বান  
জানিয়ে ভাইস চ্যান্সেলর বলেন  
ক্যাম্পাসে সন্ত্রাস সৃষ্টিকারীদের  
বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ কর  
হবে।

সমাবেশে জাকসুর ভিপি এনা  
মুল হক শামীম ক্যাম্পাস থেকে  
মৌলবাদী ও সাম্প্রদায়িক শক্তিকে  
উৎখাত করার জন্য ছাত্র-শিক্ষক  
কর্মচারীদের এগিয়ে আসার  
আহ্বান জানান।

ছাত্র দলের দাবী

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
শাখার জাতীয়তাবাদী ছাত্রদল  
ছাত্রনেতা গোলাম ফারুক অভিসহ  
গ্রেফতারকৃত সকল ছাত্রদল কর্মীর  
মুক্তি দাবী করেছে।